

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৩৮৯

কুমারঘাট, ১৭ অক্টোবর, ২০২৩

কুমারঘাট মহকুমায় বিনামূল্যে ক্যানভাস ব্যাগ

শারদোৎসব উপলক্ষে কুমারঘাট মহকুমায় সরকারি ন্যায্যমূল্যের দোকানে বিনামূল্যে ভোক্তাদের ক্যানভাস ব্যাগ প্রদান করা হচ্ছে। কুমারঘাট মহকুমায় ৮০টি সরকারি ন্যায্যমূল্যের দোকান রয়েছে। মহকুমায় ৩৮ হাজার ২৩৭টি পরিবারের রেশন কার্ড রয়েছে। আজ কুমারঘাট মহকুমা শাসকের অফিসকক্ষে এক সাংবাদিক সম্মেলনে মহকুমা শাসক সুব্রত কুমার দাস একথা জানান। সাংবাদিক সম্মেলনে মহকুমা শাসক জানান, রেশন কার্ড হোল্ডার প্রতিটি পরিবারকেই রাজ্য সরকারের সিদ্ধান্ত অনুসারে বিনামূল্যে ক্যানভাস ব্যাগ দেওয়া হবে। তাছাড়া ভোক্তাদের আটা, ময়দা, সুজি, মুসুর ডাল, চিনি নির্ধারিত মূল্যে সরবরাহ করা হচ্ছে। খুব শীঘ্রই ১১৩ টাকা মূল্যে সব ভোক্তাদের ১ লিটার করে সরিষার তেল দেওয়া হবে।
